

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
রাজনৈতিক অধিশাখা-৪  
[www.mha.gov.bd](http://www.mha.gov.bd)

নং- ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-১৫৬০

তারিখ : ১৮/১২/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর কতিপয় উপানুচ্ছেদ সংশোধন/পরিবর্তন  
পরিবর্তন/সংযোজন সংক্রান্ত।

সূত্রঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৮২৬, তাং-০৩/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গত ০৩/০৮/২০১৬ তারিখের ৮২৬ নং স্মারকমূলে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান,  
নবায়ন ও ব্যবহার নীতিমালা জারী করা করা হয়। উক্ত নীতিমালায় কতিপয় উপানুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধন/  
পরিবর্তন/পরিবর্তন/সংযোজন করা হলঃ

এ আদেশ মূল পরিপত্র জারীর তারিখ হতে কার্যকর হবে।

২৯(খ) “শুধু আত্মরক্ষা ও টার্গেট প্রাকটিসের উদ্দেশ্যে গুলি ব্যবহার করা যাবে। আত্মরক্ষার ক্ষেত্রে গুলি ব্যবহারের  
অব্যবহিত পরেই সংশ্লিষ্ট থানায় জিডি করতে হবে। টার্গেট প্রাকটিসের ক্ষেত্রে সরকারের অনুমোদিত ফায়ারিং রেঞ্জ  
এবং বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশনের নির্দিষ্ট অনুশীলন কেন্দ্র ছাড়া টার্গেট প্রাকটিস করা যাবে না” এর স্থলে  
নিম্নরূপ প্রতিস্থাপিত হবেঃ

২৯(খ) “নতুন অস্ত্র ক্রয় ও মেরামতের সময় টেস্ট ফায়ারিং, আত্মরক্ষা ও টার্গেট প্রাকটিসের উদ্দেশ্যে গুলি ব্যবহার  
করা যাবে। টেস্ট ফায়ারিং এর জন্য সর্বোচ্চ ৫টি গুলি ব্যবহার করা যাবে এবং বিক্রয়কারী প্রতিষ্ঠান এতদসংক্রান্ত  
প্রত্যয়ন প্রদান করবে। আত্মরক্ষার ক্ষেত্রে গুলি ব্যবহারের অব্যবহিত পরেই সংশ্লিষ্ট থানায় জিডি করতে হবে। টার্গেট  
প্রাকটিসের ক্ষেত্রে সরকারের অনুমোদিত ফায়ারিং রেঞ্জ এবং বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশনের নির্দিষ্ট অনুশীলন  
কেন্দ্র ছাড়া টার্গেট প্রাকটিস করা যাবে না। ”

৩০.ক.৪-ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠানঃ

লাইসেন্স ইস্যু ফিঃ-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, লাইসেন্স নবায়ন ফি-২০,০০০/- (বিশ হাজার) টাকা এর স্থলে  
নিম্নরূপ প্রতিস্থাপিত হবেঃ

৩০.ক.৪-ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠানঃ

লাইসেন্স ইস্যু ফিঃ-২০,০০০/- (বিশ হাজার) টাকা, লাইসেন্স নবায়ন ফি-৫,০০০/- (পাঁচ হাজার) টাকা

৩০.ক.৫-সেফ কিপিংঃ

লাইসেন্স ইস্যু ফিঃ-২০,০০০/- (বিশ হাজার) টাকা, লাইসেন্স নবায়ন ফি-৫,০০০/- (বিশ হাজার) টাকা এর স্থলে  
নিম্নরূপ প্রতিস্থাপিত হবেঃ

৩০.ক.৫-সেফ কিপিংঃ

লাইসেন্স ইস্যু ফিঃ-১৫,০০০/- (পনের হাজার) টাকা, লাইসেন্স নবায়ন ফি-৩,০০০/- (তিন হাজার) টাকা।

চলমান পাতা

৩০.(খ) “কর্মরত সামরিক কর্মকর্তাদের ক্ষেত্রে Arms Act Manual 1924 এর চাপ্টার ৩ সেকশন ৬ এর ৪৫ এবং ৪৬ (সি) অনুচ্ছেদ অনুযায়ী লাইসেন্স ফি এবং নবায়ন ফি এর বিষয়ে ব্যবস্থা নিতে হবে” এর স্থলে নিম্নরূপ প্রতিস্থাপিত হবে;

৩০.(খ) “কর্মরত/অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তাদের ক্ষেত্রে The Bengal Arms Act Manual 1924 এর চাপ্টার ৩ সেকশন ৬ এর ৪৫ এবং ৪৬ (সি) অনুচ্ছেদ অনুযায়ী লাইসেন্স ফি এবং নবায়ন ফি এর বিষয়ে ব্যবস্থা নিতে হবে”

৩০.(গ) “সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা ও জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত চাকুরীরত/অবসরপ্রাপ্ত সরকারি ক্যাডার সার্ভিস কর্মকর্তাদের ক্ষেত্রে পিস্তল/রিভলবার/শটগান/রাইফেল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ফি এবং নবায়ন ফি প্রযোজ্য হবে না” এর স্থলে নিম্নরূপ প্রতিস্থাপিত হবে;


৩০.(গ) “সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা, রাষ্ট্রীয় সাংবিধানিক পদে কর্মরত ব্যক্তিবর্গ ও জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত চাকুরীরত/অবসরপ্রাপ্ত সরকারি ক্যাডার সার্ভিস কর্মকর্তাদের পিস্তল/রিভলবার/শটগান/রাইফেল এর লাইসেন্স ফি এবং নবায়ন ফি প্রযোজ্য হবে না।”

৩২.১(ঙ) “বিচারপতিবৃন্দ” এর স্থলে নিম্নরূপ প্রতিস্থাপিত হবে;

৩২.১(ঙ) “রাষ্ট্রীয় সাংবিধানিক পদে কর্মরত ব্যক্তিবর্গ”

৩২.১(ছ) “জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত কর্মরত/অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা” এর স্থলে নিম্নরূপ প্রতিস্থাপিত হবে;

৩২.১(ছ) “প্রথম শ্রেণীর স্থায়ী সরকারী কর্মকর্তাগণ (চাকুরীরত ও অবসরপ্রাপ্ত)”



(মল্লিকা খাতুন)  
উপসচিব (রাজ-৪)  
ফোন : ৯৫৭৪৫১৮


জেলা ম্যাজিস্ট্রেট  
.....(সকল)।

নং- ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-১৫৬০

তারিখ : ১৮/১২/২০১৬ খ্রিঃ

**অনুলিপি:**

- ১। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৩। সাধারণ সম্পাদক  
বাংলাদেশ শ্যুটিং স্পোর্ট ফেডারেশন  
গুলশান-১, ঢাকা-১২১২।
- ৪। সভাপতি/সহ-সভাপতি  
বাংলাদেশ আর্মস ডিলার্স এন্ড ইমপোর্টস এ্যাসোসিয়েশন  
এল্লাল চেম্বার (৪র্থ তলা), ১১ মতিঝিল বা/এ, ঢাকা।



(মল্লিকা খাতুন)  
উপসচিব (রাজ-৪)